Your complimentary use period has ended. Thank you for using PDF Complete.
Click Here to upgrade to Unlimited Pages and Expanded Features

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

**[ মূল্য সংযোজন কর ]**

**প্রজ্ঞাপন**

**তারিখঃ** ২৪ জ্যৈষ্ঠ, ১৪১৯ বঙ্গাব্দ / ০৭ জুন, ২০১২ খ্রিষ্টাব্দ

**এস, আর,ও, নং-১৮২-আইন/২০১২/৬৪০-মূসক**।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২, ধারা ৫ এর উপ-ধারা (৪) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:−

১। **শিরনামা ও প্রবর্তন**।- (১) এই নির্দিষ্ট সেবার ক্ষেত্রে মূল্য সংযোজনের নির্ধারিত হারের ভিত্তিতে কর ধার্যকরণ বিধিমালা, ২০১২ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা ১৭ আষাঢ়, ১৪১৯ বঙ্গাব্দ মোতাবেক ০১ জুলাই, ২০১২ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

২। **করের ভিত্তি নির্ধারণসহ করের হার ধার্যকরণ, ইত্যাদি**।- (১) মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর আওতায় মূল্য সংযোজন কর আরোপযোগ্য নিম্নে বিধৃত টেবিলের কলাম (১) এ উলিখিত শিরনামা সংখ্যা এবং উহার বিপরীতে কলাম (২) এ উলিখিত সেবার কোড ও কলাম (৩) এ বর্ণিত সেবা প্রদানকারীগণের উপর কলাম (৪) এ বর্ণিত মূল্য সংযোজনের নির্ধারিত হারের ভিত্তিতে এতদ্‌দ্বারা কলাম (৫) এ উল্লিখিত মূল্য সংযোজন করের হার ধার্য করা হইল, যথা:−

**টেবিল**

| শিরনামা সংখ্যা | সেবার কোড | সেবা প্রদানকারী | মূল্য সংযোজনের নির্ধারিত হারের ভিত্তি | নীট মূল্য সংযোজন করের হার |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| S০০১ | S০০১.২০ | রেস্তোরাঁ | (ক) শীতাতপ নিয়ন্ত্রিত রেস্তোঁরা কর্তৃক সেবার বিনিময়ে প্রাপ্ত সমুদয় অর্থের শতকরা এক শত ভাগ। | ১৫% |
| | | | (খ) সাধারণ রেস্তোঁরা (শীতাতপ নিয়ন্ত্রিত নয়) কর্তৃক সেবার বিনিময়ে প্রাপ্ত সমুদয় অর্থের শতকরা চল্লিশ ভাগ। | ৬% |
| S০০৩ | S০০৩.১০ | মোটর গাড়ীর গ্যারেজ এবং ওয়ার্কশপ | যে কোন প্রকার যান্ত্রিক যানবাহন মেরামত বা সার্ভিসিং এর ক্ষেত্রে সংশিষ্ট সেবা প্রদানকারী কর্তৃক উক্ত যানবাহনে সংযোজিত যন্ত্রপাতি বা যন্ত্রাংশের মূল্যসহ সেবার বিনিময়ে প্রাপ্ত সমুদয় অর্থের ত্রিশ শতাংশ। | ৪.৫% |

Your complimentary use period has ended. Thank you for using PDF Complete.
Click Here to upgrade to Unlimited Pages and Expanded Features

| | | | | |
|---|---|---|---|---|
| S০০৩ | S০০৩.২০ | ডকইয়ার্ড | যে কোন প্রকার যান্ত্রিক নৌযান মেরামত বা সার্ভিসিং এর ক্ষেত্রে সেবা প্রদানকারী কর্তৃক উক্ত নৌযান মেরামত বা সার্ভিসিং এ ব্যবহৃত যন্ত্রপাতি ও উপকরণের মূল্যসহ সেবার বিনিময়ে প্রাপ্ত সমুদয় অর্থের ত্রিশ শতাংশ। | ৪.৫% |
| S০০৪ | S০০৪.০০ | নির্মাণ সংস্থা | যে কোন নির্মাণ কাজের জন্য দরপত্রে উলিখিত মূল্যের ৩৬.৬৭ শতাংশ অর্থ। | ৫.৫% |
| S০১০ | S০১০.১০ | ভূমি উন্নয়ন সংস্থা | উন্নয়নকৃত ভমি বিক্রয় বা হস্তান্তর বাবদ প্রাপ্ত সমুদয় অর্থের দশ শতাংশ। | ১.৫% |
| | S০১০.২০ | ভবন নির্মাণ সংস্থা | ভবন বিক্রয় বা হস্তান্তর বাবদ প্রাপ্ত সমুদয় অর্থের দশ শতাংশ। | ১.৫% |
| S০১৯ | S০১৯.০০ | ফটো নির্মাতা | ফটো নির্মাতা কর্তৃক প্রাপ্ত সমুদয় অর্থের ত্রিশ শতাংশ | ৪.৫% |
| S০২৪ | S০২৪.০০ | আসবাবপত্রের বিপনন কেন্দ্র | (ক) উৎপাদন পর্যায়ের সর্বমোট প্রাপ্তির চল্লিশ শতাংশ | ৬% |
| | | | (খ) বিপনন পর্যায়ের সর্বমোট প্রাপ্তির ২৬.৬৭ শতাংশ (উৎপাদন পর্যায়ে ৬% হারে মূসক পরিশোধের চালানপত্র থাকা সাপেক্ষে) | ৪% |
| S০২৬ | S০২৬.০০ | স্বর্ণকার ও রৌপ্যকার এবং স্বর্ণের ও রৌপ্যের দোকানদার এবং স্বর্ণ পাকাকারী | স্বর্ণ,স্বর্ণালংকার,রৌপ্য বা রৌপ্যালংকার বিক্রয় বাবদ প্রাপ্ত সমুদয় অর্থের ১৩.৩৩% (তের দশমিক তিন তিন) শতাংশ। | ২% |
| S০৩৬ | S০৩৬.১০ | শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকূল বাস সার্ভিস | সেবা প্রদানকারী কর্তৃক প্রাপ্ত সমুদয় অর্থের ৬৬.৬৭ শতাংশ। | ১০% |
| | S০৩৬.২০ | শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকূল লঞ্চ সার্ভিস | সেবা প্রদানকারী কর্তৃক প্রাপ্ত সমুদয় অর্থের ৬৬.৬৭ শতাংশ। | ১০% |
| | S০৩৬.৩০ | শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকূল রেলওয়ে সার্ভিস | সেবা প্রদানকারী কর্তৃক প্রাপ্ত সমুদয় অর্থের ৬৬.৬৭ শতাংশ। | ১০% |
| S০৩৭ | S০৩৭.০০ | যোগানদার (Procurement provider) | সেবা প্রদানকারী কর্তৃক সরবরাহকৃত পণ্যের বা সেবার মূল্য বা দরপত্রে উলিখিত মূল্যের ২৬.৬৭ শতাংশ পরিমাণ অর্থ। | ৪% |
| S০৪৮ | S০৪৮.০০ | পরিবহন ঠিকাদার | (ক) পেট্রোলিয়ামজাত পণ্য পরিবহনে নিয়োজিত সেবা প্রদানকারী কর্তৃক প্রাপ্ত মোট মূল্যের (প্রযোজ্য ক্ষেত্রে দরপত্রে উলিখিত মূল্যের) পনের শতাংশ পরিমাণ অর্থ ; | ২.২৫% |

PDF Complete
Your complimentary use period has ended. Thank you for using PDF Complete.
Click Here to upgrade to
Unlimited Pages and Expanded Features

| | | | | |
|---|---|---|---|---|
| | | | (খ) অন্যান্য পণ্য পরিবহনে নিয়োজিত সেবা প্রদানকারী কর্তৃক প্রাপ্ত মোট মূল্যের (প্রযোজ্য ক্ষেত্রে দরপত্রে উলিখিত মূল্যের) ত্রিশ শতাংশ পরিমাণ অর্থ। | ৪.৫% |
| S০৫৭ | S০৫৭.০০ | বিদ্যুৎ বিতরণকারী | ব্যবহৃত বিদ্যুতের বিপরীতে প্রাপ্ত মোট বিদ্যুৎ বিলের ৩৩.৩৪ শতাংশ পরিমাণ অর্থ; | ৫% |
| S০৬০ | S০৬০.০০ | নিলামকৃত পণ্যের ক্রেতা | নিলামকৃত পণ্যের বিক্রয় মূল্যের ২৬.৬৭ শতাংশ পরিমাণ অর্থ। | ৪% |
| S০৬৭ | S০৬৭.০০ | ইমিগ্রেশন উপদেষ্টা | সেবা প্রদানকারী কর্তৃক সেবার বিনিময়ে প্রাপ্ত সমুদয় অর্থের ত্রিশ শতাংশ। | ৪.৫% |
| S০৬৯ | S০৬৯.০০ | ইংলিশ মিডিয়াম স্কুল | সেবা প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক সেবার বিনিময়ে প্রাপ্ত সমুদয় অর্থের ত্রিশ শতাংশ। | ৪.৫% |
| S০৭৪ | S০৭৪.০০ | স্থান ও স্থাপনা ভাড়া গ্রহণকারী | স্থান ও স্থাপনা ভাড়া গ্রহণের ক্ষেত্রে ভাড়ার সমুদয় অর্থের ষাট শতাংশ | ৯% |
| S০৭৮ | S০৭৮.০০ | নিজস্ব ব্রান্ড সম্বলিত তৈরী পোশাক বিপনন কেন্দ্র | বিপনন পর্যায়ের সর্বমোট প্রাপ্তির ৩৩.৩৪ শতাংশ | ৫% |

(২) উপ-বিধি (১) এ বিধৃত টেবিল এর কলাম (৫) এ ধার্যকৃত মূল্য সংযোজন কর সংশিষ্ট সেবা প্রদানকারী বা, ক্ষেত্রমত, সেবা গ্রহণকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রদেয় হইবে।

৩। **কর রেয়াত**।- (১) বিধি ২ এ বর্ণিত সেবা প্রদানকারীর ক্ষেত্রে উক্ত আইনের ধারা ৯ এর উপ-ধারা (১) এর দফা (জ) এর বিধান অনুসারে কোন উপকরণ কর রেয়াত গ্রহণ করা যাইবে না।

(২) বিধি ২ এ বর্ণিত কোন সেবা প্রদানকারী উক্ত আইনের ধারা ৫ এর উপ-ধারা (৪) এ বর্ণিত সর্বমোট প্রাপ্তির ভিত্তিতে পনের শতাংশ মূল্য সংযোজন কর প্রদান করিলে, উক্ত আইন ও মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর প্রযোজ্য বিধান ও শর্ত পূরণ সাপেক্ষে, তদ্‌কর্তৃক প্রদত্ত সেবায় ব্যবহৃত উপকরণের উপর পরিশোধিত সমুদয় মূল্য সংযোজন কর রেয়াত গ্রহণ করিতে পারিবেন।

৪। **রহিতকরণ**।– এতদ্‌দ্বারা অত্র বোর্ডের ২৭ জ্যৈষ্ঠ, ১৪১৭ বঙ্গাব্দ মোতাবেক ১০ জুন, ২০১০ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ২০১-আইন/২০১০/৫৫০-মূসক রহিত করা হইল।

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**

**[ মোঃ শওকাত হোসেন ]**
প্রথম সচিব (মূসক নীতি)